দৈনিক বাংলা সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ করতে যোগাযোগ নং-৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

কবিতা / গল্প
নিজস্ব লেখা কবিতা/ গল্প প্রকাশিত করতে যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 4 AUGUST 2025 , MONDAY | ৪ আগস্ট ২০২৫ , সোমবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-353

## অবৈধভাবে ভারতে প্রবেশের সময় সশস্ত্র সীমা বলের জওয়ানরা আটক করলো দুই বাংলাদেশীকে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৩ আগস্ট :অবৈধভাবে ভারতে প্রবেশের সময় দুই বাংলাদেশী নাগরিককে আটক করলো ভারত বাংলাদেশ সীমান্তে মোতায়েন সশস্ত্র সীমা বলের জওয়ানরা। জানা গেছে শিলিগুড়ি লাগোয়া ভারত বাংলাদেশ সীমান্ত পেরিয়ে দুই ব্যক্তি ভারতে প্রবেশ করছিলো। সেই সময় সশস্ত্র সীমা বলের জওয়ানরা তাদের আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে। জিজ্ঞাসাবাদে আটক দুই ব্যক্তি জানায় তারা বাংলাদেশের নাগরিক।দালালের খপ্পরে পড়ে তারা তাদের পাসপোর্ট সহ অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র খোয়ান। তারপর তারা সীমান্ত পেরিয়ে ভারতে প্রবেশের চেষ্টা করেন।আটক দুই ব্যক্তির নাম মহম্মদ নুর হোসেন খন্দকার ও মহম্মদ ওমর ফারুক ওরমান। আটক ব্যক্তিদের খড়িবাড়ি থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়। খড়িবাড়ি থানায় তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে শিলিগুড়ি আদালতে পাঠানো হয়েছে। খড়িবাড়ি থানার পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

## উদ্ধার দু হাজার আটশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ,৩ আগস্ট :মুর্শিদাবাদ জেলা পুলিশের দৌলতাবাদ থানারপুলিশ শনিবার রাতে নাকা চেকিং পরিচালনার সময় বহরমপুর এর দিক থেকে আসা সন্দেহভাজন একটি ছোট চার চাকার গাড়িকে আটক করার চেষ্টা করলে গাড়িটি পুলিশের সংকেত না মেনে দ্রুত পালিয়ে যায়। পুলিশ সাথে সাথে গাড়িটির পিছুধাওয়া করলে কিছুদুর গিয়ে আগের গাড়ির চালক ও আরোহীরা গাড়িটিকে রাস্তার পাশে ফেলে রেখে পালিয়ে যায়। পুলিশ পরিত্যক্ত গাড়িটি উদ্ধার করে তল্লাশী চালায়। তল্লাশীতে গাড়ি থেকে উদ্ধার হয় আঠাশটি কার্টন। কার্টনগুলিতে পাওয়া যায় আঠাশশো বোতল নিষিদ্ধ কফ সিরাপ ফেন্সিডিল। পুলিশ গাড়ি থেকে একটি মোবাইল ফোন উদ্ধার করে। পুলিশ গাড়ি, মোবাইল ফোন ও কফ সিরাপের বোতল বাজেয়াপ্ত করে থানায় নিয়ে আসে ও একটি মামলা রুজু করে। পলাতক অভিযুক্তদের খোঁজে পুলিশ অভিযান জারী রেখেছে বলে জানা গেছে।

## সর্ব্বোচ্চ হারে বোনাসের দাবিতে চা শ্রমিকদের বিক্ষোভ সহ দাবিপত্র প্রদান



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৩ আগস্ট : বাংলা ও বাঙ্গালীর শ্রেষ্ঠ উৎসব দুর্গা পুজা অনুষ্ঠিত হতে দুমাস ও নেই। এর মধ্যেই ডুয়ার্সের চা বাগানের শ্রমিকরা সরব হয়েছেন সর্বোচ্চ হারে বোনাসের দাবিতে। কয়েকদিন ধরেই একের পির এক চা বাগানে শ্রমিকরা বিক্ষোভ প্রদর্শন করে বোনাসের হার সর্বোচ্চ করার দাবিতে সরব হয়ে চা বাগান কর্তৃপক্ষকে দ্রুত বৈঠক ডাকার জন্য দাবিপত্র পেশ করছেন। রবিবার আলিপুরদুয়ার জেলার শ্রীনাথ পুর চা বাগানের শ্রমিকরা চা বাগানের গেটের সামনে বিক্ষোভ প্রদর্শন করে সর্বোচ্চ হারে বোনাসের দাবি জানান। বিক্ষোভ শেষে বোনাস নির্ধারনের জন্য মালিক পক্ষকে দ্রুত বৈঠক ডাকার জন্য চা বাগান ম্যানেজারের হাতে দাবিপত্র প্রদান করেন। ম্যানেজার দাবিপত্র গ্রহন করে জানান তিনি দাবিপত্রটি মালিকপক্ষের বিবেচনার জন্য পাঠিয়ে দেবেন।

## কালচিনি চা বাগানে লেপার্ড খাঁচা বন্দী



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ আগস্ট : পূর্ণবয়স্ক লেপার্ড খাঁচাবন্দী হল ডুয়ার্সের চা বলয় থেকে।আলিপুরদুয়ার জেলার কালচিনি চা বাগানের সেভেন বি সেকশনে রবিবার রাতে বনদফতরের পাতা খাঁচায় খাঁচাবন্দী হয় একটি পূর্ণবয়স্ক লেপার্ড। রবিবার রাতে খাঁচাবন্দী লেপার্ড দেখতে ভিড় জমায় প্রচুর জনতা। খবর দেওয়া হয় বনদফতরে। ঘটনাস্থলে বনদফতরের বক্সা ব্যাঘ্র প্রকল্পের বনকর্মীরা পৌছে খাঁচাবন্দী লেপার্ড উদ্ধার করে।

# ব্যাটারি চুরির ঘটনা বাড়ছে শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৩ আগস্ট : একরাতে তিনটি অটোর চুরির ঘটনায় শোরগোল পড়ে গেছে যশোডাঙ্গা বাস স্ট্যান্ড সহ যশোডাঙ্গা বেসিক স্কুল সংলগ্ন এলাকায়। রবিবার বেলা দেড়টা নাগাদ চুরি নিয়ে অভিযোগ দায়ের হয়েছে শামুকতলা থানার পুলিশের কাছে। বেশ কিছুদিন ধরে শামুকতলা থানার বিভিন্ন এলাকায় অটোর ব্যাটারি চুরির ঘটনা বাড়ছে গত কয়েকদিন আগে মহাকাল চৌপথীতে চুরির ঘটনা ঘটেছে। এর পরবর্তী সময়ে পাইপলাইন সংলগ্ন এলাকায় অটোর ব্যাটারি চুরির ঘটনা ঘটেছে। শনিবার গভীর রাতে তিনটি অটোর ব্যাটারি চুরির ঘটনায় অটো চালক দের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। বেশ কিছুদিন বন্ধ ছিল ব্যাটারি চুরির ঘটনা। বর্ষা নামতেই গাড়ির ব্যাটারি চুরি শুরু হওয়ায় আতঙ্কিত হয়ে পড়েছেন গাড়ি চালকরা। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্ত শুরু করেছে।

# প্রধানের সই জাল করে গ্রেপ্তার অভিযুক্ত




মলয় দেবনাথ, এই যুগ ,আলিপুরদুয়ার, ৩ আগস্ট : ফালাকাটা থানার জটেশ্বর থেকে গ্রেপ্তার অভিযুক্ত কে আদালত থেকে পাঁচদিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে এমনটাই জানিয়েছেন ফালাকাটা থানার আই সি অভিষেক ভট্টাচার্য রবিবার বিকেল ছয়টা নাগাদ। পুলিশ সূত্রে জানা গেছে গ্রাম পঞ্চায়েত প্রধানের স্বাক্ষর জাল করে ব্যবহার করছেন মকসুদ রহমান নামে এক ব্যক্তি। নির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেপ্তার করা হয়েছিল। রবিবার আদালত থেকে তাকে পাঁচদিনের পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে জিজ্ঞাসাবাদের জন্য।

# আলিপুরদুয়ার শহরে চুরির ঘটনা বাড়ছে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ আগস্ট : চুরির ঘটনা বাড়ছে আলিপুরদুয়ারে। মন্দিরে চুরির ঘটনা নিয়ে উদ্বিগ্ন মন্দির কমিটি এমনটাই জানা গেছে রবিবার বেলা একটা নাগাদ। বক্সা ফিডার রোডে ভাঙ্গাপুল এলাকায় হনুমান মন্দিরে চুরির ঘটনায় উদ্বেগে এলাকার বাসিন্দারা।শনিবার গভীর রাতে মন্দিরের প্রনামী বাক্সের তালা ভেঙ্গে সর্বস্ব লুঠ করে চোরের দল।রবিবার সকালে পুরোহিত এসে দেখতে পান মন্দির ও প্রনামী বাক্সের তালা ভাঙ্গা।খবর দেন পুজা কমিটির সদস্যদের।পুজো কমিটির সদস্য বিষ্ণু ভৌমিক অভিযোগ করেন,আলিপুরদুয়ার চুরি ছিনতাই বাড়ছে।পুলিশ প্রশাসন ঠুঁটো জগন্নাথ।রাতে টহল নেই।তারা বিষয় টি পুরসভার চেয়ারম্যান ও পুলিশ প্রশাসন কে লিখিত আকারে জানাবেন।আলিপুরদুয়ারে প্রসিদ্ধ ভাঙ্গাপুলে হনুমান মন্দিরে চুরি হওয়ায় উদ্বেগে পুন্যার্থীরা।

# ব্রাউন সুগার সহ গ্রেপ্তার দুজন জয়গাঁতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ আগস্ট : ফের মাদকের বিরুদ্ধে অভিযান চালাল জয়গাঁ থানার পুলিশ।জয়গাঁ ঝর্ণা বস্তি এলাকা থেকে ব্রাউন সুগার সহ দুই যুবককে গ্রেফতার করল জয়গাঁ পুলিশ।গোপনসূত্রের খবরের ভিত্তিতে জয়গাঁ থানার পুলিশ ঝর্ণা বস্তি এলাকার এক বাড়িতে অভিযান চালায় এদিন বিকেলে।এরপরই সেই বাড়িতে তল্লাশি চালাতেই উদ্ধার হয় ৯৫.৭৫ গ্রাম ব্রাউন সুগার।এ ঘটনায় এলাকার এক যুবক রাজিদুল ইসলাম ও মালদার এক যুবক শরিফুল হককে গ্রেফতার করে তদন্ত শুরু করেছে পুলিশ

# উদ্ধার দু কোটি টাকার ব্রাউন সুগার, গ্রেপ্তার তিন



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ৩ আগস্ট :মালদিহ জেলা পুলিশের ক্রাইম মনিটরিং গ্রুপ,স্পেশাল অপারেশন গ্রুপ ও ইংলিশবাজার থানার পুলিশ মিলিত অভিযান চালিয়ে শনিবার রাতে মালদহ ডি আর এম অফিস লাগোয়া এলাকা থেকে তিন ব্যক্তিকে গ্রেপ্তার করে। তাদের হেফাজত থেকে উদ্ধার হয় ২.৫৪৮ কেজি ব্রাউন সুগার যা ভেজা অবস্থায় পঁচিশটি স্বচ্ছ প্লাস্টিকের প্যাকেটে রাখা ছিলো। পুলিশ সূত্রে জানানো হয় উদ্ধার করা ব্রাউন সুগারের আনুমানিক বাজার মূল্য দু কোটি টাকা। ধৃতদের নাম মিনহাজুল শেখ ওরফে পাপ্পু (২৬),জসীমুদ্দিন মোমিন (৩০),করিম মোমিন (২৮)।ধৃত তিনজন কালিয়াচক থানার শেরশাহী নয়াগ্রামের বাসিন্দা। প্রাথমিক জিজ্ঞাসাবাদে ধৃতরা জানিয়েছে তারা এই মাদক কারবারে জড়িত। তারা কালিয়াচকের মীর কুরবানের থেকে এই ব্রাউন সুগার সংগ্রহ করে এবং এই ব্রাউন সুগার তারা বিহারের আরারিয়ার বাসিন্দা হায়দার আলির কাছে পৌঁছে দেবার জন্য নিয়ে যাচ্ছিলো। পুলিশএর কাছে ধৃতরা আরও জানায় তারা দীর্ঘদিন ধরে এই কারবারে জড়িত। পুলিশ ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা দায়ের করে আদালতে পেশ করে রিমান্ডে নেবার আবেদন জানায়। ধৃতদের রিমান্ডে নিয়ে পুলিশ আন্ত রাজ্য মাদক পাচার চক্রের পর্দা ফাঁস করার লক্ষ্যে তদন্ত চালাবে।

# পুলিশের দারস্থ কোহিনূর চা বাগানের অবসরপ্রাপ্ত শ্রমিকরা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৩ আগস্ট : কোহিনুর চা বাগানে শ্রমিকদের অন্যায় ভাবে অবসর গ্রহণ করিয়ে দিয়েছেন বাগান কর্তৃপক্ষ তাদের বকেয়া না মিটিয়ে। জোর করে অবসর গ্রহণ করানো শ্রমিকরা এসে দেখা করলেন শামুকতলা থানার ওসি বিশ্বজিৎ দের সঙ্গে রবিবার বেলা একটা নাগাদ। তাদের অভিযোগ তারা বাগানের কাজ করতেন কিন্তু তাদের বকেয়া মেটানো হয়নি। জোর করে তাদেরকে অবসর গ্রহণ করিয়ে দিয়েছেন বাগানের দায়িত্বে থাকা কর্মকর্তারা। যদিও তাদের অভিযোগ কোহিনুর চা বাগানে কোন মালিক নেই। কোন সংস্থা বাগানটিকে চালাচ্ছেন কিন্তু শ্রমিকদের কোনরকম সুযোগ-সুবিধা দিচ্ছেন না। অবসর গ্রহণ করলেও তারা প্রাপ্য টাকা পাচ্ছেন না। প্রাপ্য টাকা না পেয়ে ক্ষুব্ধ চা বাগানের কর্মরত ব্যক্তিরা। তাদের কাছ থেকে জানা গেছে তারা বাগানে বেতন ভিত্তিক কাজ করতেন কিন্তু যারা শ্রমিক রয়েছেন তাদের বয়স ৭৫ হলেও তাদেরকে এখনো বাগানে কাজ করার সুযোগ করে দিচ্ছেন আড়াইশো টাকা হাজিরার বিনিময়ে। পরবর্তী সময়ে তারা বৃহত্তর আন্দোলনে যাবেন জানিয়েছেন অবসরপ্রাপ্ত ব্যক্তিগণ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |